# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

**Sub:** Bengali Grammar Work Sheet-3 **Class:** 6 **Date:** 14.11.2020

## বিষয় ঃ অব্যয়

**সঠিক উত্তরটি নির্বাচন কর ঃ-**

১। বাংলা ব্যাকরণে অব্যয় প্রধানত কয় প্রকার ?

(ক) দুই (খ) তিন

(গ) চার (ঘ) পাঁচ

২। বাঃ ! কী সুন্দর পাহাড় ! 'বাঃ' শব্দটি কোন অব্যয় ?

(ক) অনুকার (খ) ভাবপ্রকাশক

(গ) সংযোজক (ঘ) কোনটি নয়

৩। গুরু গুরু শব্দে মেঘ ডাকছে। 'গুরু গুরু' কোন অব্যয় ?

(ক) ধ্বন্যাত্মক/অনুকার (খ) বিয়োজক

(গ) ভাবপ্রকাশক (ঘ) পদান্বয়ী

৪। এই যে মশাই, শুনছেন ? রেখাঙ্কিত পদটি কোন অব্যয় ?

(ক) বিয়োজক (খ) সম্বোধনসূচক

(গ) ভাবপ্রকাশক (ঘ) সংযোজক

৫। সীতা বিনা রামচন্দ্র অন্ধকার। 'বিনা' কোন অব্যয় ?

(ক) বিয়োজক (খ) সম্বোধনসূচক

(গ) পদান্বয়ী (ঘ) অনুকার

৬। সুখ এবং দুঃখ নিয়েই জীবন। 'এবং' হল —

(ক) সংযোজক অব্যয় (খ) পদান্বয়ী

(গ) বিয়োজক (ঘ) কোনটি নয়

৭। 'ব্যায়াম কর, নতুবা শরীর অসুস্থ হবে। 'নতুবা' কোন অব্যয় ?

(ক) পদান্বয়ী (খ) বিয়োজক

(গ) ভাবপ্রকাশক (ঘ) কোনটি নয়

৮। 'কুলুকুলু' শব্দে ঝরণা বয়ে চলেছে। 'কুলুকুলু' হল —

(ক) ভাবপ্রকাশক (খ) সংযোজক

(গ) অনুকার (ঘ) কোনটি নয়

৯। "আহা ! বেচারা বড় দুঃখী"। 'আহা' হল —

(ক) সম্বোধনসূচক অব্যয় (খ) অনুকার অব্যয়

(গ) ভাবপ্রকাশক অব্যয় (ঘ) পদান্বয়ী

১০। রাম আর রহিম যেন দুই ভাইয়ের মত। 'আর' হল —

(ক) পদান্বয়ী অব্যয় (খ) সংযোজক অব্যয়

(গ) অনুকার অব্যয় (ঘ) কোনটি নয়

১১। ‘কড়্ কড়্’ শব্দে বাজ পড়লো। ‘কড়্ কড়্’ হল —
(ক) অনুকার/ধ্বন্যাত্মক অব্যয় (খ) সংযোজক অব্যয়
(গ) ভাবপ্রকাশক অব্যয় (ঘ) কোনটি নয়

১২। কলকাতা থেকে লন্ডন অনেক দূর। ‘থেকে’ হল —
(ক) সংযোজক অব্যয় (খ) পদান্বয়ী অব্যয়
(গ) বিয়োজক অব্যয় (ঘ) কোনটি নয়

১৩। ওগো বাছা, একটু শুনে যাও। ‘ওগো’ হল —
(ক) সম্বোধনসূচক অব্যয় (খ) বিয়োজক অব্যয়
(গ) ভাবপ্রকাশক অব্যয় (ঘ) অনুকার অব্যয়

১৪। শ্যামল অথবা বিমল বাজারে যাবে। ‘অথবা’ হল —
(ক) সংযোজক অব্যয় (খ) বিয়োজক অব্যয়
(গ) অনুকার অব্যয় (ঘ) কোনটি নয়

১৫। ‘ঝমঝম করে বৃষ্টি শুরু হোল’। ‘ঝমঝম’ হল —
(ক) অনুকার অব্যয় (খ) ভাবপ্রকাশক অব্যয়
(গ) পদান্বয়ী অব্যয় (ঘ) কোনটি নয়

**Amit Kundu**

*********